

প্রেস বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ঢাকা জেলার মিরপুর বেড়ি বাঁধ এলাকার তিনটি রেডিমিক্স কারখানাকে ৬ লক্ষ টাকা জরিমানা করেছে পরিবেশ অধিদপ্তর।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) অনুযায়ী পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিত অবৈধভাবে রেডিমিক্স কারখানা স্থাপন ও পরিচালনার অপরাধে আজ ১৭/০৬/২০১৯ তারিখে ঢাকা জেলা মিরপুর বেড়ি বাঁধ এলাকায় অবস্থিত (১) মাইসা কনস্ট্রাকশন প্রাঃ লিঃ-কে ২ লক্ষ টাকা; বিল্ডিং প্রোডাক্টস লিঃকে ২ লক্ষ টাকা এবং করিম এক্সফেপার্ট এন্ড রেডিমিক্স লিঃ কে ২ লক্ষ টাকা জরিমানা ধার্য ও আদায় করা হয়।

এছাড়াও ঢাকা মহানগরের উত্তরা এলাকায় কয়েকটি বায়ু দূষণকারী কালো ধোঁয়া নির্গমনকারী গাড়ীর বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করা হয় এবং কালো ধোঁয়া নির্গমনকারী গাড়ীর বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট অব্যাহত থাকবে।

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) অনুযায়ী অবৈধভাবে পরিচালিত রেডিমিক্স কারখানার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট উইং এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কাজী তামজীদ আহমেদ। এছাড়াও উক্ত অভিযানে সহায়তা করেন পরিবেশ অধিদপ্তর, ঢাকা মহানগরের সহকারী পরিচালক, নক্সাকার এবং পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকার পরিদর্শক জনাব মির্জা আসাদুল কিবরীয়া ও নমুনা সংগ্রহকারী জনাব রাসুল ইয়া বারী (কামাল)। এতে আরো সহযোগিতা করেন আইন শৃঙ্খলা রক্ষায় সহায়তা করেন ডিএমপি'র পুলিশ ফোর্স।

তারিখঃ ১৭/০৬/২০১৯ খ্রিঃ।

স্বাক্ষরিত/-

(ড. আব্দুল্লাহ আল মামুন)

উপপরিচালক

পক্ষে

পরিচালক (মনিঃ ও এনফোর্ঃ)

পরিবেশ অধিদপ্তর, ঢাকা।

মোবাইল -০১৭১৪-৪৮৯৪৫৪